



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@karmasangsthanbank.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋঅবি/০৯(০৩)/২০১৭-২০১৮/৯২

তারিখ : ০৬ সেপ্টেম্বর ২০১৭

সকল আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সকল শাখা ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩১তম বৈঠক ০৮ আগস্ট, ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত বৈঠকে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও মহাব্যবস্থাপক (পরিচালন) মহোদয় উপস্থিত ছিলেন। বৈঠকে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য, যুব ও যুব মহিলাদের ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং তাদেরকে আত্মকর্মে ও স্বনির্ভর করে গড়ে তোলার বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। উল্লেখ্য, কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের পরামর্শক্রমে এ বিভাগের ০৩.১২.২০১৩ তারিখের কেবি/প্রকা/ঋঅবি/নীতি-০১(০১)/২০১৩-১৪/২৫১(২১২) নম্বর পত্রমূলে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অধিক হারে ঋণ প্রদান করে বিভিন্ন আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলার জন্য নিম্নোক্ত দিক নির্দেশনা প্রদান করা হয়:

- সংশ্লিষ্ট শাখার আওতাধীন জেলা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের নিকট হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের তালিকা সংগ্রহ;
- ঋণগ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত/প্রশিক্ষিত যুবদের অগ্রাধিকার প্রদান;
- ব্যবসা/প্রকল্প পরিচালনায় উদ্যোক্তার সরাসরি সম্পৃক্ততা, আগ্রহ, সামর্থ্য ও Creditworthiness বিচার-বিশ্লেষণ করে উদ্যোক্তা নির্বাচন;
- পুরাতন ঋণগ্রহীতাদের চেয়ে প্রশিক্ষণপ্রাপ্ত/বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন বেকার যুবদের মাঝে অধিক পরিমাণে ঋণ বিতরণ।

০৪। এতদ্ব্যতীত পরিচালনা বোর্ডের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগের ০৬.০৪.২০১৪ তারিখের কেবি/প্রকা/ঋঅবি-৫৫/২০১৩-২০১৪/১২৭০(২৩২) নম্বর পত্রের মাধ্যমেও যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৫। এমতাবস্থায়, ১০ম জাতীয় সংসদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩১তম বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং পরিচালনা বোর্ডের নির্দেশনার পরিপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের জন্য পুনরায় পরামর্শ দেয়া হলো। ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান নিয়মাচার অনুসরণ করতে হবে।

০৬

চলমান পাতা-০২

০৬। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের অনুকূলে শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের তথ্য নিম্নবর্ণিত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে স্ব স্ব আঞ্চলিক কার্যালয়ে এবং শাখা থেকে প্রাপ্ত তথ্য একীভূত করে ০৫ তারিখের মধ্যে ই-মেইলযোগে (lad@karmasangsthanbank.gov.bd) এ বিভাগে প্রেরণের জন্য আঞ্চলিক ব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, এখন থেকে এতৎসংক্রান্ত তথ্য ঋণ আদায় বিভাগে প্রেরণের প্রয়োজনীয়তা নেই।

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের অনুকূলে বিতরণকৃত ঋণের ত্রৈমাসিক (..... থেকে/২০..... পর্যন্ত) তথ্য।

(লাক্ষ টাকায়)

ক্র: ন:	শাখার নাম	অঞ্চলের নাম	জেলার নাম	উদ্যোক্তার শ্রেণী	চলতি ত্রৈমাসে		চলতি অর্ধবছরে		ব্যাংকের শুরু থেকে চলতি ত্রৈমাস পর্যন্ত	
					সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
				নারী						
				পুরুষ						
				মোট =						

অনুমোদনক্রমে-

আপনার বিধিত

(গৌতম সাহা)

উপ-মহাব্যবস্থাপক

☎: ০২-৯৫৭১৭৭৯

মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৪.১৩- ৩৬২

তারিখঃ- ২৬/০২/১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সকল) জেলা।

০২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) উপজেলা----- জেলা।

০৪। দপ্তর নথি।

পত্রের মর্মমাত্মিক স্ব স্ব অধিক্ষেত্রের কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপকের সাথে নিবিড় যোগাযোগ রেখে প্রতিমাসে ঋণ বিতরণ বাড়ানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ এবং ত্রৈমাসিক অগ্রগতির সভানুষ্ঠান নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মতিউর রহমান সালুকদার)

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

ফোনঃ ৯৫৫৯৯১৫।